

প্রেস রিলিজ

তারিখ: ০৭ অক্টোবর ২০২৬

মুক্তিযুদ্ধের ইতিহাসকে বস্তুনিষ্ঠ ও গবেষণাভিত্তিকভাবে সংরক্ষণ করতে হবে- বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে আয়োজিত দুই দিনব্যাপী সেমিনারের সমাপনী অনুষ্ঠান আজ বুধবার (৭ অক্টোবর ২০২৬) সকাল ৯টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের শিক্ষক কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “মহান মুক্তিযুদ্ধ বাংলাদেশের জাতীয় ইতিহাসের সর্বশ্রেষ্ঠ অর্জন। লাখো মানুষের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতার ইতিহাসকে দলীয় বা ব্যক্তিকেন্দ্রিক দৃষ্টিভঙ্গির উর্ধ্বে উঠে বস্তুনিষ্ঠ ও গবেষণাভিত্তিকভাবে সংরক্ষণ করতে হবে।”

তিনি বলেন, মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস অনুসন্ধান, সংরক্ষণ ও প্রজন্মের কাছে যথাযথভাবে তুলে ধরতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। গবেষণার মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বিভিন্ন অনালোচিত ও গুরুত্বপূর্ণ দিক, বিশেষ করে মুক্তিযুদ্ধে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অবদান, যথাযথভাবে তুলে ধরার ওপর তিনি গুরুত্বারোপ করেন। উপাচার্য গবেষকদের নিষ্ঠা ও অবদানের প্রশংসা করে বলেন, মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যকে সমৃদ্ধ করতে তথ্যানির্ভর, প্রমাণভিত্তিক ও মানসম্মত গবেষণার কোনো বিকল্প নেই। তিনি মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের গবেষণা কার্যক্রম আরও সম্প্রসারণের প্রত্যাশা ব্যক্ত করে বলেন, সীমিত সামর্থ্যের মধ্যেও নিরপেক্ষ ও বিশেষজ্ঞ মূল্যায়নের ভিত্তিতে গবেষণা প্রকল্প নির্বাচন করে এ কার্যক্রমকে আরও গতিশীল করা হবে। তিনি দেশ ও জাতির কল্যাণে মুক্তিযুদ্ধের চেতনা ও ইতিহাস সংরক্ষণে গবেষক, শিক্ষক ও সংশ্লিষ্ট সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. রাফসান মাহমুদ।

সমাপনী দিনের সেমিনারে চারজন গবেষক অংশগ্রহণ করেন। তাঁরা মহান মুক্তিযুদ্ধের বিভিন্ন বিষয়ে পরিচালিত নিজ নিজ গবেষণার বিষয়, গবেষণা-পদ্ধতি ও প্রাপ্ত ফলাফল উপস্থাপন করেন। উপস্থাপিত গবেষণাপত্রগুলো নিয়ে অংশগ্রহণকারী শিক্ষক ও গবেষকরা আলোচনা ও মতবিনিময় করেন। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, গবেষকসহ সংশ্লিষ্টরা অংশগ্রহণ করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)